

আর্জেন্টিনার নতুন জার্সির বিজ্ঞাপনে বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 17 November, 2024



বুয়েনোস আইরেস: আর্জেন্টিনার নতুন জার্সি প্রকাশ করেছে দেশটির ফুটবল অ্যাসোসিয়েশন। লিওনেল মেসি, এমিলিয়ানো মার্ভিনেজসহ তারকা ফুটবলারদের নতুন জার্সির বিজ্ঞাপনে জায়গা পেয়েছে বাংলাদেশও। আগামী মঙ্গলবার (১৯ নভেম্বর) পেরুর বিপক্ষে এই জার্সি পরেই বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচ খেলবেন মেসিরা।

শুক্রবার (১৯ নভেম্বর) নিজেদের ভেরিফায়েড টুইটার (এক্স) নতুন জার্সি নিয়ে এক মিনিট ১৭ সেকেন্ডের একটি ভিডিও প্রকাশ করেছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)।

নতুন জার্সিতে হাজির হন লিওনেল মেসিসহ অন্য তারকারা। ক্রীড়াসামগ্রী প্রস্তুতকারী প্রতিষ্ঠান অ্যাডিডাসের সঙ্গে এএফএর সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষে তৈরি করা হয়েছে বিশেষ এই জার্সি। সেখানে বাংলাদেশকেও রেখেছে বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা।

জার্সির ভিডিওতে জায়গা পেয়েছে বাংলাদেশও। ভিডিওর ৪৮ এবং ৪৯ সেকেন্ডে দেয়ালে ঝোলানো একটি টিভিতে দেখা যায় বাংলাদেশের সমর্থকদের উন্মাদনা। বাংলাদেশের একটি স্থানে বড় স্ক্রিন বসিয়ে আর্জেন্টিনার গোল উদযাপন করছেন বাংলাদেশের হাজারো আর্জেন্টাইন সমর্থক।

-B